

10 APR 2013

ভোরের কাগজ

নতুন সিলেবাসে পরীক্ষা দিতে বাধ্য করলেন কেন্দ্র প্রধান

ফলাফল নিয়ে ফের শঙ্কিত ১৭ অনিয়মিত ছাত্রছাত্রী

তৈয়বুর রহমান, কুড়িগ্রাম থেকে :
ভেলার নাপেশ্বরী উপজেলার ভিতরবন্দ
এসএসসি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায়
অংশগ্রহণকারী ১৭ জন অনিয়মিত ছাত্রছাত্রীর
ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে কেন্দ্র
সুপারের গোয়ালুড়িমির কারণে। ২০০০
সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র সরবরাহ
না করে তাদেরকে ২০০৩ সালের সিলেবাস
অনুযায়ী তৈরি প্রশ্নে পরীক্ষা দিতে বাধ্য করার
সংশ্লিষ্ট বিষয়ে আবারো অকৃতকার্য হওয়ার
আশঙ্কা করছে পরীক্ষার্থীরা। এ ঘটনায়
এলাকার চাপা উত্তেজনা বিরাজ করছে। এ
বিষয়ে প্রতিকার চেয়ে রাজশাহী শিক্ষা
বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন
করেছেন হতভাগ্য ছাত্রছাত্রীদের
অভিজ্ঞাবকরা।

প্রাপ্ত অভিযোগে জানা গেছে, ভিতরবন্দ
এসএসসি পরীক্ষা কেন্দ্রে ২০০০ সাল বা
তারও পূর্বের ১৭ জন অনিয়মিত ছাত্রছাত্রী
পরীক্ষা দিয়ে আসছিল। গত ২৭ মার্চ
ইংরেজি প্রথমপত্র পরীক্ষার দিন এসসি
ছাত্রছাত্রীকে হল পরিদর্শক ২০০৩ সালের
সিলেবাসের প্রশ্নপত্র সরবরাহ করলে
ছাত্রছাত্রীরা নিজেদের অনিয়মিত ছাত্রছাত্রী
হিসেবে পরিচয় দিয়ে তাকে প্রবেশপত্র
দেখায় এবং ২০০০ সালের সিলেবাস
অনুযায়ী তৈরি প্রশ্নপত্র সরবরাহ করতে
অনুরোধ জানায়।

এর পরিপ্রেক্ষিতে পরিদর্শক ইউনুস
আলী হল সুপার মিজানুর রহমানকে
(লক্ষীকাও উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক)
বিষয়টি অবহিত করলে তিনি হলে এসে
অনিয়মিত ছাত্রছাত্রীদের ধমক দিতে শুরু
করেন। তিনি বলেন, 'নতুন বা পুরোনো
সিলেবাস বলে এখন কিছু নেই, সকলকে
নতুন সিলেবাসেই পরীক্ষা দিতে হবে। যদি
না দাও তাহলে হল থেকে বের হয়ে যাও।'
পরে বাধ্য হয়ে ১৭ জন অনিয়মিত ছাত্রছাত্রী
২০০৩ সালের সিলেবাস অনুযায়ী তৈরি
প্রশ্নপত্রে পরীক্ষা দেয়। একইভাবে
তাদেরকে ইংরেজি দ্বিতীয়পত্রের পরীক্ষা
দিতেও বাধ্য করা হয়।

ছাত্রছাত্রীদের অভিযোগ, তাদের মধ্যে
অনেকেই শুধু ইংরেজি বিষয়ে ফেল
করায় কলেজে ভর্তি হয়ে রয়েছে।
নতুন প্রশ্নে পরীক্ষা দেওয়ার এ বিষয়ে তাদের
আবারো ফেল করার আশঙ্কা রয়েছে। আর
তা হলে তাদের কলেজে ভর্তি বাতিল হয়ে

যাবে। একজন হল সুপারের গোয়ালুড়িমির
কারণে তাদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে
শেলো বলে জানালো তারা।

ঘটনার প্রতিকার চেয়ে ছাত্রছাত্রীদের
পক্ষ থেকে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর গত ৩
এপ্রিল একটি অভিযোগপত্র প্রেরণ করা
হয়েছে। এ ঘটনায় এলাকার চাপ উত্তেজনা
বিরাজ করছে।